

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১২৭.১৯-৬১৭

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬
২৬ নভেম্বর ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৮৬৩/২০১৯ মামলায় ২০.১০.১৯ তারিখের আদেশের আলোকে গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন খামার দশলিয়া ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার সহকারী শিক্ষক (শরীরচর্চা) জনাব মো: মোমিনুল ইসলাম এর নাম এমপিওভুক্তকরণ।

সূত্র: খামার দশলিয়া ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার স্মারক নং-খাদসিমা-১৭/১৯ তারিখ: ১১.১১.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন খামার দশলিয়া ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার সহকারী শিক্ষক (শরীরচর্চা) জনাব মো: মোমিনুল ইসলামকে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক গত ২৪.১০.২০০২ তারিখে নিয়োগপত্র প্রদান করা হয়।

০২। উক্ত নিয়োগপত্রের প্রেক্ষিতে বর্ণিত শিক্ষক কর্তৃক গত ৩০.১০.২০০২ তারিখে যোগদান করে এমপিওভুক্ত হয়ে কর্মরত থাকাবস্থায় হঠাৎ মার্চ/২০১৮ মাসের এমপিও শীট হতে আবেদনকারীর (জনাব মো: মোমিনুল ইসলাম) নাম কর্তন হয়।

০৩। বিভিন্ন দপ্তরে বার বার আবেদনের পরেও কোন কারণ ছাড়াই বাতিল হওয়ায় সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে এমপিওভুক্তির জন্য বর্ণিত শিক্ষক কর্তৃক গত ০৭.১০.১৮ তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

০৪। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় বর্ণিত শিক্ষক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৮৬৩/১৯ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়।

০৫। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২০.১০.১৯ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

We are not inclined to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 2 Director General, Madrasha Education Odhidaptar, Dhaka to dispose of the application dated 07.10.2018 (Annexure-"C" to the writ petition) filed by the petitioner within 01 (One) month on receipt of this order positively.

This application is thus disposed of with the direction as made above.

০৬। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।

০৭। যেহেতু উক্ত রিট মামলার ২০.১০.১৯ তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ০৭.১০.১৮ তারিখের আবেদনপত্রটি (যা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ০৭.১০.১৮ খ্রি. তারিখের আবেদনটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৮৬৩/১৯ মামলায় গত ২০.১০.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ০৭.১০.১৮ তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ১২.১২.১৯ তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১০৮৬৩/১৯ মামলার রায়ের কপি- ০৩ পাতা
খ. পিটিশনারের ০৭.১০.১৮ তারিখের আবেদনের কপি- ০১ পাতা।
গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: মোমিনুল ইসলাম, সহকারী শিক্ষক (শরীরচর্চা), খামার দশলিয়া ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা, ডাক-নলডাঙ্গা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ৮। মাস্টার কপি/অফিস কপি।